রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ০৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৬, ২০২৩

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১১৭—১২৮ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২৫—১৩৬ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৭—৬৪ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৩—১৪২ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৯/১১ ডিসেম্বর ২০২২

**নং ০৫.০০.০০০০.১৮০.২৭.০৩৫.২০২০-১০০**—যেহেতু, জনাব তাহসিনুর রহমান (পরিচিতি নম্বর-৪৫১৮), পরিচালক (উপসচিব), বিপিএটিসি, সাভার, ঢাকা হিসেবে কর্মকালে ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স এবং ১১৮তম এসিএডি প্রশিক্ষণ কোর্সের অব্যয়িত ৫৪,৫৬,০০০/- (চুয়ান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা সরকারি কোষাগারে জমা না দেওয়ায় তাঁর নামে অডিট আপত্তি উত্থাপিত হয় ও উক্ত টাকা আদায়ের লক্ষ্যে বিপিএটিসি কর্তৃক জনাব তাহসিনুর রহমানকে একাধিকবার পত্র প্রেরণ করা হলেও তিনি কোনো জবাব প্রদান না করায় বিপিএটিসি-এর অনুরোধে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে যুগ্মসচিব (প্রশাসন), জনপ্রশাসন, মন্ত্রণালয়-এর সভাপতিত্বে গঠিত ০৩(তিন) সদস্যবিশিষ্ট তদন্ত কমিটির প্রতিবেদনের আলোকে বাজেট ও অডিট শাখা হতে ১৫ মার্চ ২০২০ তারিখের ১০৮৬ নম্বর স্মারকে অব্যয়িত ৫৪,৫৬,০০০/- (চুয়ান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা সরকারি কোষাগারে জমা না দেওয়ার অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ৩২/২০২০ নম্বর বিভাগীয় মামলায় ১৯ নভেম্বর ২০২০ তারিখের ১৯৫ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

০২। যেহেতু, জনাব তাহসিনুর রহমান ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ২৭ জানুয়ারি ২০২১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১৭ এপ্রিল ২০২২ তারিখে দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী অডিট আপত্তির ৫৪,৫৬,০০০/- (চুয়ান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা জনাব তাহসিনুর রহমান কর্তৃক সরকারি কোষাগারে জমা না দেওয়ার কারণে তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

০৪। যেহেতু, জনাব তাহসিনুর রহমান-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (গ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে উক্ত অভিযোগের সাথে সংশ্লিষ্ট সরকারের আর্থিক ক্ষতির সম্পূর্ণ ৫৪,৫৬,০০০/-(চুয়ান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা তাঁর প্রাপ্য আনুতোষিক হতে আদায়ের আদেশ প্রদান করা হয়; এবং

০৫। যেহেতু, উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে জনাব তাহসিনুর রহমান মহামান্য রাষ্ট্রপতি সমীপে আপিল আবেদন পেশ করলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে জনাব তাহসিনুর রহমান-এর আপিল আবেদন বিবেচনা করে পূর্বে প্রদত্ত সরকারের আর্থিক ক্ষতির সম্পূর্ণ ৫৪,৫৬,০০০/-(চুয়ান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা তাঁর প্রাপ্য আনুতোষিক হতে আদায়ের দন্ডাদেশ বাতিল করে তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করেছেন।

০৬। সেহেতু, জনাব তাহসিনুর রহমান(পরিচিতি নম্বর-৪৫১৮), প্রাক্তন পরিচালক (উপসচিব), বিপিএটিসি, সাভার, ঢাকা বর্তমানে পরিচালক , শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান, এনটিআরসিএ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ঢাকা-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (গ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে উক্ত অভিযোগের সাথে সংশ্লিষ্ট সরকারের আর্থিক ক্ষতির সম্পূর্ণ ৫৪,৫৬,০০০/-(চুয়ান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা তাঁর প্রাপ্য আনুতোষিক হতে আদায়ের আদেশ প্রদান করে জারিকৃত জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৫ জুন ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৮০.২৭.০৩৫.২০-৬৩ নম্বর প্রজ্ঞাপনটি বাতিলপূর্বক তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৯/১২ ডিসেম্বর ২০২২

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৬-২০(বিমা)-৪৫২**—যেহেতু, জনাব নাজিম উদ্দিন (পরিচিতি নম্বর : ১৭৪৪২), প্রধান নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা এবং প্রাক্তন সিনিয়র সহকারী কমিশনার, কুড়িগ্রাম কর্তৃক গত ৯ জুন ২০২০ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দাখিলকৃত সম্পদ বিবরণী পর্যালোচনায় দেখা যায়, তিনি সরকারের পূর্বানুমোদন ছাড়া ৬০,৫০,০০০/-(ষাট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মূল্যমানের ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে আসছিলেন; এবং

২। যেহেতু, তাঁর এরূপ আচরণ (সরকারের পূর্বানুমোদন ছাড়া ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালার ১৯৭৯ এর ১৭ (১) বিধির পরিপন্থী এবং , সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় ১৩ আগস্ট ২০২০ তারিখে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা প্রেরণ করা হয়; এবং

৩। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) (ঘ) বিধি মোতাবেক কেন তাঁকে সরকারি 'চাকুরী হতে বরখাস্ত' করা হবে না বা অন্য কোনো উপযুক্ত দণ্ড আরোপ করা হবে না-তার সন্তোষজনক লিখিত জবাব উক্ত বিধিমালার ৭ (১) (খ) বিধি মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে দাখিল করতে বলা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানতে চাওয়া হয়; এবং

৪। যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানির বক্তব্য পর্যালোচনা করে অভিযোগটি তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২) (খ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

৫। যেহেতু, তদন্ত প্রতিবেদনের আলোকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) (ঘ) অনুযায়ী তাঁকে কেন 'চাকুরী হইতে বরখাস্তকরণ' শীর্ষক গুরুদণ্ড আরোপ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক তথ্য প্রমাণাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সামগ্রিক বিচারে তাঁকে দণ্ড আরোপ করা সমীচীন বলে প্রতীয়মান হয়; এবং

৭। যেহেতু, জনাব নাজিম উদ্দিন (পরিচিতি নম্বর : ১৭৪৪২), প্রধান নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা এবং প্রাক্তন সিনিয়র সহকারী কমিশনার, কুড়িগ্রাম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২) (ক) বিধি মোতাবেক 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করে প্রজ্ঞাপন জারি করা হয়; এবং

৮। যেহেতু, জনাব নাজিম উদ্দিন (পরিচিতি নম্বর : ১৭৪৪২), তাঁর উপর আরোপিত উল্লিখিত লঘুদণ্ডাদেশ মওকুফের জন্য গত ১৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে মহামান্য রাষ্ট্রপতি সমীপে আপিল আবেদন পেশ করলে মহামান্য রাষ্ট্রপতি জনাব নাজিম উদ্দিন- এর চাকরির বয়স বিবেচনা করে তাঁর আপিল আবেদন মঞ্জুরপূর্বক পূর্বে প্রদত্ত 'তিরস্কার' সূচক লঘুদণ্ড বাতিল করেছেন;

৯। সেহেতু, জনাব নাজিম উদ্দিন (পরিচিতি নম্বর : ১৭৪৪২), প্রধান নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা, এবং প্রাক্তন সিনিয়র সহকারী কমিশনার, কুড়িগ্রাম এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করে জারিকৃত জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৮ জুলাই ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৬-২০(বিমা)-২৫৩ নম্বর প্রজ্ঞাপনটি বাতিলপূর্বক তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

**ঊর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোকবার্তা**

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৯/৫ ডিসেম্বর ২০২২

নং **০৫.০০.০০০০.১৩১.০০.২৩৫.২২-৯৯৮**—পঞ্চগড় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব) জনাব মোঃ আব্দুল আলীম খান ওয়ারেশী (১৫৫৭৯) গত ০৫ মার্চ ২০২২ তারিখ শনিবার সকাল ৬:৫০ টায় জিয়া হার্ট ফাউন্ডেশন হাসপাতাল এন্ড রিসার্চ ইনষ্টিটিউট, দিনাজপুরে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি.......রাজিউন)।

০২। জনাব মোঃ আব্দুল আলীম খান ওয়ারেশী ০১ নভেম্বর ১৯৭৪ তারিখে সিরাজগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২০০5 সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন এবং ২০১৮ সালে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন এবং সর্বশেষ পঞ্চগড় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে কর্মরত ছিলেন।

০৩। জনাব মোঃ আব্দুল আলীম খান ওয়ারেশী তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক কন্যা ও এক পুত্রসহ আত্মীয়স্বজন এবং অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মোঃ আব্দুল আলীম খান ওয়ারেশী এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শোকবার্তা**

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৯/১১ ডিসেম্বর ২০২২

নং **০৫.০০.০০০০.১৩১.০০.১৬৫.২২-১০২০**—বাংলাদেশ পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের উপপ্রধান (উপসচিব) জনাব হাসিনা বেগম (১৫৪৭১) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে গত ০৮ নভেম্বর ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১০:৪৫ টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি..........রাজিউন)।

০২। জনাব হাসিনা বেগম ০২ মে ১৯৭৬ তারিখে ফেনী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২০০৩ সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন এবং ২০১৭ সালে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন এবং সর্বশেষ বাংলাদেশ পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের উপপ্রধান (উপসচিব) হিসাবে কর্মরত ছিলেন।

০৩। জনাব হাসিনা বেগম তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্বামী, এক মেয়ে ও এক ছেলেসহ আত্মীয়স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব হাসিনা বেগম এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪২৯ ব./১৪ ডিসেম্বর ২০২২ খ্রি.

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-৪০০**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ধারা ১০(১)(ঙ) অনুযায়ী 'সরকার কর্তৃক মনোনীত আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন যুগ্মসচিব' ক্যাটাগরিতে অতিরিক্ত সচিব জনাব আবদুল্যাহ হারুন পাশা-(পিআরএল ভোগরত)-এর পরিবর্তে, জনাব কামরুল হক মারুফ, যুগ্মসচিব-কে প্রবাসী কল্যাণ ব্যাংক-এর পরিচালনা বোর্ডে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। প্রবাসী কল্যাণ ব্যাংক-এর পরিচালনা বোর্ডে জনাব কামরুল হক মারুফ-এর পরিচালক হিসেবে যোগদানের তারিখ আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৩৮.০৪(১)-৩০৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ইব্রাহিম খলিল, জন্ম তারিখ: ০১-০১-১৯৮৫ খ্রিঃ, পিতা-হিকমত আলী, মাতা-মোছাঃ জামিলা খাতুন, গ্রাম-গার্ডপাড়া, শহীদ জহুরুল হক রোড, ওয়ার্ড নং-১২, ডাকঘর-সৈয়দপুর, উপজেলা-সৈয়দপুর, জেলা-নীলফামারী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার সৈয়দপুর পৌরসভার ১২ ও ১৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পযর্ন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

## আদেশাবলি

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং আর-৬/৭এন-১২৯/২০২২-৬২৭**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মিয়াজী আলমগীর আলম চৌধুরী, পিতা-মৃত মিয়াজী আবদুর রব চৌধুরী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/১১ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং আর-৬/৭এন-১২৬/২০২২-৬৩৫**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারার অর্পিত ক্ষমতাবলে পঞ্চগড় জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ হকিকুল ইসলাম প্রধান, পিতা-মৃত রফিজ উদ্দিন প্রধান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-১২৩/২০২২-৬৩৬**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ শিহাব উদ্দিন, পিতা-মৃত মোতাহার হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

**(খ)** The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**

উপসচিব (রেজিস্ট্রেশন)।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
## এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট
### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৫ পৌষ, ১৪২৯ /২০ ডিসেম্বর, ২০২২

নং **৩৯.০০.০০০০.০৩৫.০৬.০১৭.১৯.৯৪**—বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে বিশেষায়িত যোগ্যতাসম্পন্ন বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, গবেষক ও একাডেমিশিয়ান তৈরির লক্ষ্যে দেশে-বিদেশে এমএস বা সমতুল্য ডিগ্রি, ডক্টরাল ও পোষ্ট ডক্টরাল পর্যায়ে গবেষণা ও অধ্যয়নের জন্য ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ফেলোশিপ প্রদানের উদ্দেশ্যে ফেলো নির্বাচনের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ফেলোশিপ এওয়ার্ড কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| | **আহবায়ক** |
| (ক) | সিনিয়র সচিব/সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| | **সদস্যবৃন্দ** |
| (খ) | অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ, ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| (গ) | অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| (ঘ) | অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় |
| (ঙ) | প্রফেসর ড. মোঃ আবু হাদী নূর আলী খান, প্যাথলজি বিভাগ, ভেটেরিনারি অনুষদ, বাকৃবি, ময়মনসিংহ |
| (চ) | অর্থ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (ছ) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (জ) | আইসিটি বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (ঝ) | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, সংশ্লিষ্ট অধিশাখা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| (ঞ) | উপপরিচালক, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট |
| | **সদস্য-সচিব** |
| (ঞ) | প্রধান নির্বাহী কর্মকর্তা,বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট |

২। **এওয়ার্ড কমিটির কার্যপরিধি :**

(ক) এওয়ার্ড কমিটি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীদের দাখিলকৃত আবেদন যাচাই/বাছাই, বাজেট পরীক্ষাকরণ, তুলনামূলক বিবরণী প্রণয়ন, আবেদনের দ্বৈততা পরীক্ষাকরণ, সাক্ষাৎকার/উপস্থাপনা গ্রহণ, প্রয়োজনে গবেষণা প্রস্তাব মূল্যায়নপূর্বক ফেলোশিপ/অনুদান প্রদানের জন্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রস্তুত করবে। কমিটি আবশ্যিকভাবে মেধা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করবে।

(খ) কমিটি বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে নির্বাচিত ফেলোগণের দেশভিত্তিক সঙ্গতিপূর্ণ লিভিং এলাউন্স পর্যালোচনা করে যুক্তিসঙ্গত পরিমাণ অর্থ নির্ধারণ করার সুপারিশ করবে।

(গ) কমিটি বাছাইকৃত ফেলোদের ফেলোশিপ প্রদানের সিদ্ধান্ত/ সুপারিশ গ্রহণ করবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৯.০০.০০০০.০৩৫.০৬.০১৭.১৯.৯৫**—বঙ্গবন্ধু বিজ্ঞান ও ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৬ এর আওতায় প্রতিষ্ঠিত 'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট'-এর পরিচালনা ও প্রশাসনের জন্য উক্ত আইনের ধারা ৭-এর উপধারা ১ মোতাবেক নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করা হলো:

| | |
|---|---|
| | **চেয়ারম্যান** |
| (ক) | মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| | **ভাইস-চেয়ারম্যান** |
| (খ) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| | **সদস্যবৃন্দ** |
| (গ) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (ঘ) | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (ঙ) | শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (চ) | অর্থ বিভাগ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (ছ) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (জ) | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার) |
| (ঝ) | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ কর্তৃক মনোনীত একজন সদস্য |
| (ঞ) | বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি |
| (ট) | অধ্যাপক ড. মো. আব্দুস ছামাদ, ডিন, বিজ্ঞান অনুষদ, অধ্যাপক, ফলিত গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাপক ড. শোয়েব আহমেদ, কেমিকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| | **সদস্য-সচিব** |
| (ঠ) | প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট |

(২) আইনের ধারা ৭ এর-(২) উপ-ধারা (১) এর দফা (ট) এ উল্লিখিত মনোনীত সদস্যগণ মনোনয়নের তারিখ হইতে ২ (দুই) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন। তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনবোধে, যে কোনো সময় তৎকর্তৃক মনোনীত যে কোনো সদস্যকে মেয়াদ শেষ হইবার পূর্বে কোনো কারণ-দর্শানো ব্যতিরেকে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

**(৩) কার্যাবলি:** আইনের ৮ ধারা মোতাবেক ট্রাস্টি বোর্ডের কার্যাবলি হইবে নিম্নরূপ:

ক) ট্রাস্টের কার্যক্রম সার্বিকভাবে পরিচালনা ও নিয়ন্ত্রণ;

খ) ট্রাস্টের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

গ) ট্রাস্টের উদ্দেশ্য পূরণকল্পে কার্যক্রম গ্রহণের জন্য বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অর্থায়ন;

ঘ) সরকারের অর্থায়ন ব্যতীত সরকার কর্তৃক অনুমোদিত দেশি ও বিদেশি উৎস হইতে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে প্রয়োজনে সরকারের অনুমোদন সাপেক্ষে, বিভিন্ন দেশ বা সংস্থার সাথে যোগাযোগ, অর্থ প্রাপ্তির উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ;

ঙ) ট্রাস্টের তহবিল হইতে অর্থায়নের জন্য প্রয়োজনীয় গাইডলাইন, আবেদন ফরম ইত্যাদি প্রণয়ন;

চ) সরকার কর্তৃক, সময় সময় প্রদত্ত নির্দেশনা সাপেক্ষে, উহার উপর অর্পিত অন্যান্য দায়িত্ব পালন; এবং

ছ) এই ধারার অধীনে কার্যাবলি সম্পাদনের জন্য যে কোনো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এই আইনের উদ্দেশ্য পুরণকল্পে অন্য যে কোন কার্য সম্পাদন।

**রতন কুমার মন্ডল**
উপসচিব।

---

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**শিক্ষা মন্ত্রণালয়**

**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/০৬ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০২৪.২০২২.১০২**—যেহেতু, জনাব মোঃ আব্দুর রশীদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়ায় কর্মকালীন) এর বিরুদ্ধে সিনিয়র স্পেশাল জজ আদালত, কুষ্টিয়ায় বিশেষ মামলা-৮/২০২১, ধারা দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৭(১) তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি দমন প্রতিরোধ আইনের ৫(২) ধারায় মামলা রুজু করা হয়;

সেহেতু, জনাব মোঃ আব্দুর রশীদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ-কে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(১) ধারা অনুযায়ী চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

১। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দীক**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**প্রতিষ্ঠান শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/১১ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৪৭.০০.০০০০.০৪৭.২৩.৩১১.২২-৩২০**—জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা, ২০১২ এবং জাতীয় পল্লী উন্নয়ন পদক (সংশোধন) নীতিমালা, ২০২১ এর ৭(১) অনুচ্ছেদ মোতাবেক

গঠিত জাতীয় কমিটির ক্রমিক নং ১৭ অনুযায়ী জাতীয় পল্লী উন্নয়ন পদকপ্রাপ্ত নিম্নোক্ত ০২(দুই) জন বিশিষ্ট ব্যক্তিকে জাতীয় কমিটির সদস্য হিসেবে আগামী ০২(দুই) বছরের জন্য সরকার কর্তৃক মনোনয়ন প্রদান করা হলো:

| ক্রমিক নং | নাম ও ঠিকানা |
|---|---|
| ০১. | অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান<br>পরিচালক (অবসরপ্রাপ্ত),<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। |
| ০২. | জনাব চন্দ্রিকা ব্যানার্জী<br>পরিচালক, নকশীকাঁথা মহিলা সংগঠন। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শামসুল আলম**
উপসচিব।

---

**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন -১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৯/১১ ডিসেম্বর, ২০২২

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.৯৪.২০২২-১০০২**—যেহেতু, জনাব নুরুন্নাহার বেগম, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), (চাকুরী হতে বরখাস্তকৃত), এলজিইডি, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২৯-১১-২০০৭ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক স্থানীয় সরকার বিভাগের গত ২৬-০৬-২০০৮ তারিখের স্থাসবি/শাঃ উন্নয়ন-১/বিমা/১০/২০০৮/৪৫৫ নম্বর আদেশে তাকে একই অধ্যাদেশের ৪(এ) ধারায় বর্ণিত শাস্তি হিসেবে সরকারি চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হয়।

যেহেতু, উক্ত আদেশের বিরুদ্ধে তিনি প্রশাসনিক ট্রাইব্যুনালে এ, টি মামলা নম্বর ৪২/২০১০(নতুন) ০৬/২০০৯ (পুরাতন) দায়ের করলে প্রশাসনিক ট্রাইব্যুনালের গত ৩০-১১-২০১৪ তারিখের আদেশে মামলাটি নামঞ্জুর (Dismiss) করা হয়;

যেহেতু, তিনি উক্ত আদেশের বিরুদ্ধে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে এ,এ, টি আপিল নম্বর ২৯৮/২০১৪ দায়ের করেন এবং প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের গত ২৭-০৯-২০১৭ তারিখের রায়ে আপিলটি দোতরফা শুনানি অন্তে রেসপন্ডেন্টদের বিরুদ্ধে মঞ্জুর করা হয় এবং এ, টি মামলা নম্বর ৪২/২০১০(নতুন) ০৬/২০০৯ (পুরাতন) এর প্রদত্ত রায় ও আদেশ রদ ও রহিত করে এ, এ, টি মামলাটি মঞ্জুর করা হয় এবং আপিলকারীকে চাকুরী হতে বরখাস্ত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব কর্তৃক ২৬-০৬-২০০৮ তারিখের প্রদত্ত আদেশ বেআইনী, পন্ড, অবৈধ ও বাতিল ঘোষিত হয় ও রেসপন্ডেন্টদেরকে অবিলম্বে আপিলকারীকে পুনর্বহাল করতে এবং তিনি চাকুরীতে না থাকাকালীন সময়ের বকেয়া বেতন ভাতাদি পাবেন না মর্মে আদেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, উক্ত রায়ের বিরুদ্ধে মাননীয় সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নম্বর ১৩৮৩/২০১৮ ও ৬১৯/২০১৮ দায়ের করা হয় এবং উক্ত লীভ টু আপিল মামলাটি নামঞ্জুর (Dismiss) করা হয়; এবং

যেহেতু, মাননীয় আপীল বিভাগের আদেশের বিরুদ্ধে রিভিউ দায়েরের আইনগত ভিত্তি নেই মর্মে আইনগত মতামত প্রদান করা হয়;

সেহেতু, জনাব নুরুন্নাহার বেগম, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), (চাকুরী হতে বরখাস্তকৃত), কর্তৃক প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে দায়েরকৃত এ, টি আপিল নম্বর-২৯৮/২০১৪ এর রায়ের আলোকে তাকে চাকুরীতে পুনর্বহাল করা হলো এবং রায় অনুযায়ী তিনি চাকুরীতে না থাকাকালীন সময়ের বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মুহম্মদ ইবরাহিম**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯. নভেম্বর ২০২২ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৭.২০-৫৮৬**—যেহেতু, ডা. এএসএম সাখাওয়াত হোসেন (১২৫১৫৫), সহকারী রেজিস্ট্রার, চক্ষু বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী-এর বিরুদ্ধে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের রাজপাড়া থানায় দায়েরকৃত মামলা নং-১৪, তারিখ ২৫-০৭-২০২০ খ্রি. এর প্রেক্ষিতে গ্রেপ্তারের পর বিজ্ঞ আদালতের আদেশে তাকে জেল-হাজতে অন্তরীণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য সেবা বিভাগের ২৫-০২-২০২১ খ্রি. তারিখের ৭০ নং স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু ডা. এএসএম সাখাওয়াত হোসেনের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় বিজ্ঞ আদালত তাকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করেন;

সেহেতু ডা. এএসএম সাখাওয়াত হোসেনের সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হল। তার সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার**
সচিব।

**পার-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ ডিসেম্বর ২০২২ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১৪৮.২২.০০১.২১-৭১৬**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত' বিসিএস (স্বাস্থ্য) গঠন ও ক্যাডার বিধিমালা, ১৯৮০' The Bangladesh Civil Service Recruitment Rules, 1981' সংশোধন সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০-০৫-২০২২খ্রি. তারিখের এস. আর. ও. নং-১১৩-আইন/২০২২ এর আলোকে স্বাস্থ্য অধিদপ্তরাধীন নিম্নবর্ণিত ০৩(তিন) জন চিকিৎসক কর্মকর্তাগণকে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত করা হ'ল।

| ক্রমিক | কর্মকর্তার নাম ও কোড নম্বর |
|---|---|
| ১. | ডাঃ মুহাম্মদ আক্তার হোসেন (১২২৩৩০) |
| ২. | ডাঃ মোহাম্মদ হুমায়ুন কবির ভূইয়া (১২১৮৭৯) |
| ৩. | ডাঃ মোঃ শফিকুল ইসলাম (১২১৭৬০) |

২। বর্ণিত কর্মকর্তাগণ ক্যাডার পদে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর email:per2@hsd.gov.bd এ যোগদানপত্র প্রেরণ করবেন এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বর্তমান কর্মস্থলে স্ব-স্ব পদে কর্মরত থাকবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলমগীর কবীর**

সিনিয়র সহকারী সচিব(পার-২)

---

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ ডিসেম্বর ২০২২ খ্রি.

নং **৪৫.১৫০.২৭.০১.০০.০১৪.২০১৭-৫৯৯**—যেহেতু ডা. সোমা হালদার (১২৮৩৪৩), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, সার্জারি পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আগৈলঝাড়া, বরিশাল গত ০৬-০২-২০১৬ খ্রি. হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু গত ০৫-০২-২০২১ খ্রি. তারিখে তাঁর চাকরিতে অনুপস্থিতকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে তাঁর চাকরির অবসান ঘটেছে;

এমতাবস্থায় ডা. সোমা হালদারের কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৬-০২-২০২১ খ্রি. তারিখ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। ০৬-০২-২০১৬ খ্রি. হতে তিনি কোন ধরনের আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে তাঁর কোনো বেতন-ভাতাদি উত্তোলন করা হয়ে থাকলে তা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার**

সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯ /৬ ডিসেম্বর ২০২২

নং **৪৪.০০.০০০০.১৫৮.২৭.০২৩.২০১৮-৪৪৫**—যেহেতু, জনাব এস এম বজলুর রশিদ (বিপি-৬৫৯০০৭২০৫৩), সহকারী পুলিশ কমিশনার, ট্রাফিক জোন, ডিএমপি, ঢাকা ইতোপূর্বে অফিসার ইনচার্জ, সাঁথিয়া থানা, পাবনা জেলায় কর্মকালে গত ০২-০২-২০১২ তারিখ রিক্রুট কনস্টেবল পদে নিয়োগ এর জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী মোঃ সোহেল রানা, পিতা-ওয়াদুদ হোসেন, সাং-দৌলতপুর, থানা-সাঁথিয়া, জেলা-পাবনা সম্পর্কে ভেরিফিকেশন রিপোর্ট তদন্তকারী কর্মকর্তা ভেরিফিকেশন রিপোর্টটি সঠিকভাবে তদন্ত না করে ট্রেনিং রিক্রুট কনস্টেবল মোঃ সোহেল রানা বিবাহিত হওয়া সত্ত্বেও তাকে অবিবাহিত বলে উল্লেখ করেন। বিষয়টি যাচাই বাছাই না করে ভেরিফিকেশন রিপোর্ট তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে প্রার্থীকে নিয়োগযোগ্য বলে বিবেচনা করা যেতে পারে মর্মে সুপারিশ করার অভিযোগে জনাব এস এম বজলুর রশিদ এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তদপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ৩১-১০-২০২১ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোঃ গোলাম রুহুল কুদ্দুস (বিপি-৮২১০১২৬৮৭০), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহীকে গত ১০-০১-২০২২ তারিখ উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৮-০৬-২০২২ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব এস এম বজলুর রশিদ (বিপি-৬৫৯০০৭২০৫৩), সহকারী পুলিশ কমিশনার, এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী ''অসদাচরণ'' এর অভিযোগ প্রমাণিত হয়েছে, কিন্তু একই বিধিমালার ৩ (ক) অনুযায়ী "অদক্ষতার" অভিযোগটি প্রমাণিত হয়নি মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন; এবং

সেহেতু, জনাব এস এম বজলুর রশিদ (বিপি-৬৫৯০০ ৭২০৫৩), সহকারী পুলিশ কমিশনার, ট্রাফিক জোন, ডিএমপি, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কৈফিয়ত তলব, কৈফিয়তের জবাব , অনুসন্ধান প্রতিবেদন ও সংশ্লিষ্ট প্রাসঙ্গিক কাগজপত্রাদি সার্বিক পর্যালোচনায় তাকে কঠোরভাবে সতর্ক করে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৯ /৮ ডিসেম্বর ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬৮.২০২২-৪৪৭**—যেহেতু, জনাব মোঃ গোলাম রব্বানী শেখ, পিপিএম, (বিপি-৮৩১০১২৬৮৮২), অতিরিক্ত পুলিশ সুপার, গাজীপুর জেলা ও ইতোপূর্বে অতিরিক্ত পুলিশ সুপার, যশোর হিসেবে কর্মকালে গত ১১-০১-২০২১ তারিখ সন্ধ্যা আনুমানিক ৭.৪৫ মিনিটে যশোর কেন্দ্রীয় শহীদ মিনারে সাদা পোশাকে ০৩ (তিন) জন পুলিশ সদস্যদের সাথে স্থানীয় যুবকদের হাতাহাতির ঘটনার সূত্র ধরে যশোর পৌর এলাকায় বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়। উক্ত ঘটনায় যথাযথ দিক নির্দেশনা ও তদারকী করতে ব্যর্থ হওয়ার অভিযোগের বিষয়ে তাকে কৈফিয়ত তলব করা হয়। কৈফিয়তের জবাবের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে তিনি গত ২৭-০৭-২০২২ তারিখে কৈফিয়ত তলবের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন জানান। অভিযুক্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২০-১১-২০২২ তারিখে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

সেহেতু, জনাব মোঃ গোলাম রব্বানী শেখ, পিপিএম, (বিপি-৮৩১০১২৬৮৮২), অতিরিক্ত পুলিশ সুপার, গাজীপুর ও ইতোপূর্বে অতিরিক্ত পুলিশ সুপার, যশোর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কৈফিয়ত তলবের জবাব, উভয়পক্ষের বক্তব্য, প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অভিযোগের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

---

আইন-২ শাখা

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৯ /৩০ নভেম্বর ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৫৯৮**—কুড়িগ্রাম জেলার সদর থানার মামলা নং-২৫, তারিখঃ ২৪-০৪-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৫৯৯**—ঢাকা জেলার আশুলিয়া থানার মামলা নং-৬১(০৪)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৬০০**—ঢাকা জেলার শেরেবাংলা নগর থানার মামলা নং-১৩(০৯)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)/৭/১০/১১/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৬০১**—ঢাকা জেলার ভাটারা থানার মামলা নং-২০(১২)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২)} ও {(সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৬০২**—ঢাকা জেলার কোতোয়ালী থানার মামলা নং-০৬(০৫)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(২)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৬০৩**—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-০২, তারিখ:-০১/০১/২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯ /০৬ ডিসেম্বর ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৫৭**—ঢাকা জেলার দারুস সালাম থানার মামলা নং-২৫(১২)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৫৬**—ঢাকা জেলার মোহাম্মদপুর থানার মামলা নং-৫৯(০৩)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৫৫**—ঢাকা জেলার কলাবাগান থানার মামলা নং-১৪(০৬)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৫৪**—ঢাকা জেলার হাতিরঝিল থানার মামলা নং-৪৭(১২)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)/৮ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৫৩**—ঢাকা জেলার আশুলিয়া থানার মামলা নং-০৭(০৬)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৫২**—ঢাকা জেলার ডেমরা থানার মামলা নং-৩৩(০৭)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২) (অ)(আ)(ই)(ঈ)/৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৫১**—ঢাকা জেলার কামরাঙ্গীরচর থানার মামলা নং-৩২(৩)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত

মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৫০**—ঢাকা জেলার শেরে বাংলানগর থানার মামলা নং-২১(০৬)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৪৯**—মৌলভীবাজার জেলার রাজনগর থানার মামলা নং-০৩, তারিখঃ-০৮/০৩/২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০-১৬৪৮**—নরসিংদী জেলার মাধবদী থানার মামলা নং-২৫, তারিখঃ ২৬/০৩/২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯ /২৯ মে, ২০২২

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৫.২২-৫২৩—ঢাকা জেলার নিউমার্কেট থানার মামলা নং-১৭(৫০১)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**লিগ্যাল অ্যাফেয়ার্স অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯ /১১ ডিসেম্বর, ২০২২

নং **১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০৭.১৮/১৫২**—যেহেতু, মিজ নাজমুন নাহার, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-র বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে গঠিত অভিযোগনামা (১ম কারণ দর্শানোর নোটিশ) ও অভিযোগ বিবরণী অভিযুক্তের বরাবর প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্তের স্থায়ী ঠিকানায় যথাযথভাবে বর্ণিত নোটিশটি জারি করা সত্ত্বেও তিনি উক্ত নোটিশের কোন জবাব প্রদান করেননি এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও জানাননি; এবং

যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য অত্র মন্ত্রণালয়ের পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হলে, তদন্তকারী কর্মকর্তা তার বিস্তারিত তদন্ত শেষে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) মোতাবেক যথাক্রমে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, মিজ নাজমুন নাহার এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ার প্রেক্ষিতে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এ বর্ণিত গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং তাকে কেন 'চাকুরী হতে বরখাস্তকরণ' কিংবা অন্য কোন উপযুক্ত গুরুদণ্ড প্দ্রান করা হবে না তা জানতে চেয়ে গত ২ মার্চ ২০২২ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়, এবং;

যেহেতু, বর্ণিত নোটিশের কোন জবাব না পাওয়া যাওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৫)(গ)এবং ৪(৫)(ঘ) এর আলোকে 'চাকুরি হইতে বরখাস্তকরণ' শীর্ষক গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর বিধান মোতাবেক পরামর্শ গ্রহণের নিমিত্তে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর নিকট মতামত চাওয়া হয়; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্মকমিশন অভিযুক্ত মিজ নাজমুন নাহারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও পলায়ন এর অভিযোগে একই বিধিমালার বিধি ৪(৫)(গ)এবং ৪(৫)(ঘ) এর আলোকে 'চাকরি হইতে বরখাস্তকরণ' শীর্ষক গুরুদণ্ড আরোপের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিদ্ধান্তে সাথে একমত পোষণ করেন;

সেহেতু, মিজ নাজমুন নাহার, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও পলায়ন এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৫)(গ)এবং ৪(৫)(ঘ) এর আলোকে 'চাকরি হইতে বরখাস্তকরণ' দণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মাসুদ বিন মোমেন**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৮ ডিসেম্বর ২০২২ খ্রি.

**নং ৪৫.১৫০.২৭.০১.০০.০১২.২০১৬-৬০০**—যেহেতু, ডা. শাহ্ হাবিবুর রহমান (৪২৬৭৪), সহযোগী অধ্যাপক (চলতি দায়িত্ব), মেডিসিন বিভাগ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া গত ০১.০৫.২০১৫ খ্রি. হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ৩০.০৪.২০২০ খ্রি. তারিখে তাঁর চাকরিতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছর পূর্ণ হয়েছে।

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে তাঁর চাকরির অবসান ঘটেছে;

এমতাবস্থায়, ডা. শাহ্ হাবিবুর রহমানের কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১.০৫.২০২০ খ্রি. তারিখ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। ০১.০৫.২০১৫ খ্রি. হতে তিনি কোনো ধরণের আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে তাঁর কোনো বেতন-ভাতাদি উত্তোলন করা হয়ে থাকলে তা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/০৫ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.১৪৬**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | হরিনারায়ণপুর | ১২১ | ১০০৩ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২. | নলুয়া | ১৭১ | ২৮৯২ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৩. | ধর্ম্মপুর | ২৪১ | ২৬৮২ | নোয়াখালী সদর | নোয়াখালী | মহামান্য হাইকোর্টে ৩১৩/২০২২ ও ৩১৪/২০২২ নম্বর রীট থাকায় রীট সংশ্লিষ্ট ২০৭৯ ও ২০৮২ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৪. | গণিপুর | ২৩৯ | ২০৯০ | বেগমগঞ্জ | নোয়াখালী | মহামান্য হাইকোর্টে ৫৪৮/২০১৯ নম্বর রীট থাকায় রীট সংশ্লিষ্ট ৭৯৬ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৫. | নরোত্তমপুর | ২৪১ | ৩৫৬২ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৬. | জগৎপুর | ৯৯ | ২০৮১ | দাগনভূঞা | ফেনী | |
| ৭ | সোনাপুর | ৭৩ | ২৬৮৫ | সোনাগাজী | ফেনী | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্র শিকারী**
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**
**আদেশাবলী**

তারিখ : ০৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০৯.৯৩-৩৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (নুরুল আমিন, জন্ম তারিখঃ ০৩-০৫-১৯৯২ খ্রি., পিতা-আব্দুর রব, মাতা-আয়শা বেগম, গ্রাম-চন্দ্রগ্রাম, ওয়ার্ড নং-০৬, ডাকঘর-রামধা বাজার, উপজেলা-বিয়ানীবাজার, জেলা-সিলেট।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলার ০১ নং আলীনগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/০৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৭৩.৭৬-৬২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ সাইফুল ইসলাম, জন্ম তারিখ: ০১-০৭-১৯৮৫ খ্রি., পিতা-মোঃ রফিকুল ইসলাম, মাতা-ফাতেমা বেগম, গ্রাম-পূর্ব চাঁদপুরা, ওয়ার্ড নং-০২, ডাকঘর-আলীপুরহাট, উপজেলা-দশমিনা, জেলা-পটুয়াখালী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার দশমিনা উপজেলার ০২ নং আলীপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০১ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/১৫ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১).১৭৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | উত্তর চর সুলুকিয়া | ২৪৯ | ২০১৭ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২. | চর পূর্ব্ব সুলুকিয়া | ২৫৫ | ২৪৪৯ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৩. | একলাশপুর | ২৩৫ | ৬৯০৩ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৪. | সোনাইমুড়ি | ২৯৪ | ৮২৩ | বেগমগঞ্জ | নোয়াখালী | মহামান্য হাইকোর্টে ১০৩৯৩/২০১৬ নম্বর রিট থাকায় ০১ নম্বর ডিপি খতিয়ানের রিট সংশ্লিষ্ট আরএস ১১০, ১১১, ১১২ নম্বর দাগ ব্যতীত। |
| ৫. | হাজীপুর | ৩১৯ | ৭৩৮৯ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৬. | দেওপাড়া | ১৭৯ | ১৩১৩ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ৭. | বারাহীপুর | ৪৩ | ৪০৮৬ | ফেনী সদর | ফেনী | মহামান্য হাইকোর্টে ১৪১৯৬/২০১৬, ৬৭৭৯/২০১৭, ১৪৬৭২/২০১৮, ৯৮১২/২০১৬ নম্বর রিট থাকায় রিট সংশ্লিষ্ট ১২৬২, ৪৯১৭, ২৪৩৯, ৩২৯৭, ৪৩৪৭, ৪৩৪৮, ৯৯৮ নম্বর খতিয়ান ব্যতীত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।